# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৮৭

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصْلُ الْأَوَّلُ

আরবী

وَعَن أنس قَالَ: رَأَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مُقْعِيًا يَأْكُلُ تَمْرًا وَفِي رِوَايَةٍ: يَأْكُلُ مِنْهُ أكلا ذريعا. رَوَاهُ مُسلم

বাংলা

৪১৮৭-[২৯] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দেখেছি, তিনি উপুড় হয়ে বসে খেজুর খাচ্ছিলেন। অন্য রিওয়ায়াতে আছে, তিনি তা হতে খুব তাড়াতাড়ি খাচ্ছিলেন। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম (২০৪৪)-১৪৯, মা‘রিফাতুস্ সুনান ওয়াল আসার ৪২৫২, দারিমী ২০৬২, আবূ দাঊদ ৩৭৭৩, মুসনাদে আহমাদ ১২৮৬০।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (رَأَيْتُ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مُقْعِيًا يَأْكُلُ تَمْرًا) ‘‘আমি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে দু’পা খাড়া করে নিতম্বের উপর বসে খেজুর খেতে দেখেছি। দু’পা খাড়া করে নিতম্বের উপর বসে অথবা পায়ের গোড়ালির উপর নিতম্ব রেখে সালাত আদায় করা মাকরূহ। কিন্তু দু’ পায়ের নলা খাড়া রেখে নিতম্বের উপর বসে খাওয়া মাকরূহ নয়। কেননা এ রকম বসাটা দাসদের বসার সাথে সাদৃশ্য যা নম্রতা প্রকাশ করে। ইবনু সা‘দ ‘আয়িশাহ্ (রাঃ) থেকে বর্ণনা করেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমি দাসদের মতো খাব এবং দাসদের মতো বসব। শামায়িলে তিরমিযীতে আনাস (রাঃ) থেকে বর্ণিত, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর নিকট খেজুর আনা হলে আমি তাকে ক্ষুধার তাড়নায় দু’ পায়ের নলা খাড়া করে নিতম্বের উপর বসা অবস্থায় খেতে দেখেছি। অর্থাৎ ক্ষুধায় দুর্বল হয়ে যাওয়ার করণে তিনি নিতম্বের উপর ভর দিয়ে বসে খেয়েছেন। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74910

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন